



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-৭৮

তারিখঃ ১০ ভাদ্র ১৪৩১
২৫ আগস্ট ২০২৪

প্রধান নির্বাহী কর্মকর্তা
ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়: সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ, ঋণের কিস্তি আদায় স্থগিত, দুর্যোগকালীন ঋণ ও অন্যান্য সহায়তা প্রদান।

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের বিভিন্ন জেলায় ভয়াবহ বন্যায় অসহায় মানুষজন সীমাহীন দুর্ভোগে দিনাতিপাত করছেন। বন্যায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্রঋণের যে সকল গ্রাহক ঘরবাড়ি, সহায় সম্বল হারিয়েছেন তাদের অনেকেরই পক্ষে বর্তমানে ক্ষুদ্রঋণের কিস্তি পরিশোধ করা সম্ভব নয়। এছাড়া বন্যায় ক্ষতিগ্রস্তদের অধিক পরিমাণ ত্রাণ সামগ্রী প্রয়োজন এবং ঐ সকল গ্রাহকদের আয় উৎসারী কর্মকান্ড চলমান রাখার জন্য নতুন ঋণ প্রয়োজন।

২। এ পরিস্থিতিতে আপনাদেরকে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:

- (ক) বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার দরিদ্র অসহায় মানুষের মাঝে ক্ষুদ্রঋণের উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যয়ে জরুরী খাদ্য, বিশুদ্ধ পানি, ঔষধ, গোখাদ্যসহ ত্রাণ সামগ্রী বিতরণ ও বন্যা পরবর্তী পুনর্বাসনকাজে প্রয়োজনীয় সহায়তা অব্যাহত রাখা;
- (খ) নতুন ঋণ সুবিধার আওতায় ক্ষতিগ্রস্ত গ্রাহকগণ যাতে দ্রুত সময়ে দুর্যোগকালীন ঋণ সুবিধা পেতে পারেন তার জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ;
- (গ) গ্রাহক তার জমাকৃত সঞ্চয় ফেরত চাইলে দ্রুততম সময়ের মধ্যে তা ফেরত প্রদান নিশ্চিতকরণ;
- (ঘ) বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতার নিকট থেকে দুর্যোগকালীন সময়ে ঋণের কিস্তি আদায় স্থগিত রাখা এবং গ্রেস পিরিয়ড দিয়ে ঋণ পুনঃতফসিলিকরণ;
- (ঙ) উল্লিখিত ২(ক) ক্রমিকে বর্ণিত ব্যয়ের কার্যোত্তর অনুমোদন গ্রহণের জন্য প্রয়োজনীয় প্রমাণকহ এক মাসের মধ্যে এ অথরিটিতে আবেদন দাখিলকরণ।

৩। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ধারা ৪৮ মোতাবেক এ নির্দেশনা জারী করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মো: জিব্বুর রহমান)

পরিচালক

ফোনঃ ৮৩৩২৫৩৮।

ই-মেইলঃ director.lic-regu@mra.gov.bd

তারিখঃ ১০ ভাদ্র ১৪৩১
২৫ আগস্ট ২০২৪

স্মারক নং: ৫৩.০৪.০০০০.০২১.২২.০০৩.২৪-১৭৩৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা;
- (২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা;
- (৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- (৪) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইফাটন গার্ডেন রোড, ঢাকা;
- (৫) রেজিস্টার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা;
- (৬) গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর হোদয়ের সদয় অবগতির জন্য);
- (৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (৮) পিএস টু ইভিসি (ইভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (৯) অফিস কপি।

(মো: মিনহাজুল ইসলাম)

যুগ্ম পরিচালক

ফোন: ৫৮৩১৭২৮২।